



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর  
সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও মূল্যায়ন  
কমিটি



...

সভাপতি	নাসিমা বেগম পরিচালক (ভূতত্ত্ব)
সভার তারিখ	১৭ মে, ২০২৩
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	অনলাইন জুম মিটিং
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সূচনা:

সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অর্থবছরের কার্যক্রম [২.২] অনুযায়ী “সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা পেট্রোবাংলা, বাপেক্স, বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট (বিপিআই), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এর সমন্বয়ে গত ১৭ মে, ২০২৩ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও মূল্যায়ন কমিটির সভাপতির সভাপতিত্বে অনলাইন জুম-এ আয়োজন করা হয়।

আলোচনা:

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এ সময় সভাপতি মহোদয় মন্ত্রিপরিষদ বিভাগ হতে নির্দেশিত এপিএ বাস্তবায়নের ধারাবাহিকতায় এ সভার আয়োজন করা হয়েছে বলে উল্লেখ করেন। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সংশ্লিষ্ট সংস্থাসমূহের সিটিজেন চার্টার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের সাথে প্রাতিষ্ঠানিক সেবা প্রদান বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

সভায় উপস্থিত পেট্রোবাংলা, বাপেক্স, বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট (বিপিআই), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের (বিপিসি) ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের সাথে জিএসবি’র প্রদেয় প্রাতিষ্ঠানিক সেবাসমূহের মধ্যে ‘বিশেষজ্ঞ সেবা প্রদান’ শীর্ষক কার্যক্রমের মূল্য নির্ধারণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এ সম্পর্কে বাপেক্স প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, বাপেক্স সাধারণত সেবা গ্রহীতার সাথে আলাপ আলোচনার মাধ্যমে ‘বিশেষজ্ঞ সেবা প্রদান’ বিষয়ে মূল্য নির্ধারণ করে থাকে এবং প্রাপ্ত অর্থ প্রতিষ্ঠানের কোষাগারে জমা করা হয়।

এছাড়া সেবা প্রদান প্রতিশ্রুতির প্রাতিষ্ঠানিক সেবার বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত:

১। প্রাতিষ্ঠানিক সেবার মধ্যে তথ্য উপাত্ত প্রদান ও বিশেষজ্ঞ সেবা প্রদান কার্যক্রমের মূল্য নির্ধারণের ক্ষেত্রে জিএসবি’র “সেবা মূল্য নির্ধারণ কমিটি”র সাথে আলোচনা করতে হবে।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



নাসিমা বেগম  
পরিচালক (ভূতত্ত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৯১.১৯.৫৬

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪৩০

২১ মে ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
- ২) চেয়ারম্যান, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
- ৩) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ৪) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
- ৫) পরিচালক (ভূতত্ত্ব), উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৬) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৭) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, অপারেশন ও সমন্বয় শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৮) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-২, ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৯) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-১, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ১০) সহকারী পরিচালক (ভূপদার্থ)-৩, অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর



মো: মাহমুদুল হাসান  
সহকারী পরিচালক (রসায়ন)-২